প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান কার্যালয়
প্রবাসী কল্যান ভবন ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন-১০০০।
Website:www.pkb.gov.bd

মানব সম্পদ ও কল্যাণ বিভাগ

স্মারক নম্বর: ৫৩ -২৩.০০১.১৮.৯০৭.২৬৬৬.১৬.১৭৭

তারিখঃ ০৫.০২.২০২৬

## অফিস আদেশ

এই ব্যাংকের সেবা প্রাপ্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করতে হবে।দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সেবা প্রদান/সমস্যা সমাধানে ব্যর্থ হলে নিম্নোক্তভাবে অভিযোগ করে সমস্যা সম্পর্কে অবহিত করে নিষ্পত্তির জন্য অনুরোধ করা যাবেঃ

(ক) অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও জিআরএস ফোকাল পয়েন্ট:

| কার্যালয় | সেবা প্রাপ্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মচারী | কখন অভিযোগ করা যাবে | যার কাছে অভিযোগ করতে হবে | যোগাযোগ |
|---|---|---|---|---|
| শাখা অফিস | সকল কর্মচারী | সেবা প্রাপ্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মচারী সমাধান দিতে ব্যর্থ হলে | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) (GRS ফোকাল পয়েন্ট) অথবা জিআরএস বিকল্প ফোকাল্ট পয়েন্ট | অনিক ও জিআরএস ফোকাল পয়েন্ট: সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক |
| আঞ্চলিক কার্যালয় | সকল কর্মচারী এবং সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক | ঐ | ঐ | অনিক ও জিআরএস ফোকাল পয়েন্ট: সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় প্রধান |
| প্রধান কার্যালয় | সকল কর্মচারী | ঐ | ঐ | ১। অনিক ও জিআরএস ফোকাল পয়েন্ট:<br>জনাব মোহাঃ মাহবুবুল ইউনুস<br>মহাব্যবস্থাপক (প্রশাসন ও হিসাব)<br>ফোন: +৮৮-০২-৪৮৩২১১৯৫<br>ইমেইল: gm2@pkb.gov.bd<br>ঠিকানা: প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।<br>২। জিআরএস বিকল্প ফোকাল্ট পয়েন্ট:<br>জনাব মোহাম্মদ সায়েম আবুল খায়ের<br>উপমহাব্যবস্থাপক (মানব সম্পদ ও কল্যাণ বিভাগ)<br>ফোন: +৮৮-০২-৪৯৩৫৭০৪৬<br>ইমেইল: sayem.ak@pkb.gov.bd<br>ঠিকানা: প্রবাসী কল্যাণ ব্যাংক প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০। |

(খ) আপীল কর্তৃপক্ষের তথ্য:

| কার্যালয় | কখন অভিযোগ করা যাবে | যার কাছে অভিযোগ করতে হবে | যোগাযোগ |
|---|---|---|---|
| শাখা অফিস | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) (GRS ফোকাল পয়েন্ট) অথবা জিআরএস বিকল্প ফোকাল্ট পয়েন্ট সমাধান দিতে ব্যর্থ হলে | আপীল কর্মকর্তা | জনাব মোহাঃ মাহবুবুল ইউনুস<br>মহাব্যবস্থাপক (প্রশাসন ও হিসাব)<br>ফোন: +৮৮-০২-৪৮৩২১১৯৫<br>ইমেইল: gm2@pkb.gov.bd<br>ঠিকানা: প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০। |
| আঞ্চলিক কার্যালয় | ঐ | ঐ | |
| প্রধান কার্যালয় | ঐ | ঐ | জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন<br>উপব্যবস্থাপনা পরিচালক<br>ইমেইল: dmd@pkb.gov.bd<br>ফোন: +৮৮-০২-৪৮৩১৯৪৬৮<br>ঠিকানা: প্রবাসী কল্যাণ ব্যাংক প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০। |
| সকল কার্যালয় | আপীল কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে | দপ্তর/সংস্থার প্রধান | মিজ্ ওয়াহিদা বেগম<br>ব্যবস্থাপনা পরিচালক<br>ফোন: +৮৮-০২-৪৮৩২১৯৭৯<br>ইমেইল: md@pkb.gov.bd<br>ঠিকানা: প্রবাসী কল্যাণ ব্যাংক প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০। |

প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান কার্যালয়
প্রবাসী কল্যান ভবন ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন-১০০০।
Website:www.pkb.gov.bd

মানব সম্পদ ও কল্যাণ বিভাগ

২। 'অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত ২০১৮)' এর ৫.১.২ এর আলোকে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও জিআরএস ফোকাল্ট পয়েন্ট এর কার্যপরিধি নিম্নরূপ করা যেতে পারেঃ

(ক) প্রাপ্ত অভিযোগ প্রতিকারের কার্যক্রম গ্রহণ;
(খ) অভিযোগসমূহ বিশ্লেষণ করে যে সকল অভিযোগের পুনরাবৃত্তি ঘটে থাকে, সেগুলো চিহ্নিতকরণ;
(গ) সেবা প্রদান পদ্ধতি এবং সংশ্লিষ্ট আইন-বিধি ও নীতিমালা প্রণয়ন/সংশোধনের সুপারিশ প্রদান;
(ঘ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা সংশোধন এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে আদর্শমান প্রবর্তন সম্পর্কে সুপারিশ;
(ঙ) প্রাপ্ত অভিযোগ এবং প্রতিকার সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন;
(চ) প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া অথবা সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত কোনো সংবাদ, প্রতিবেদন বা চিঠিপত্রে অভিযোগের উপাদান থাকলে সেগুলো পরীক্ষান্তে প্রতিকারের উদ্যোগ গ্রহণ;
(ছ) অভিযোগকারীকে অভিযোগের ফলাফল সম্পর্কে অবহিতকরণ;
(জ) অভিযোগের রেকর্ড সংরক্ষণ; এবং
(ঝ) অভিযোগ প্রতিকারের মাসিক প্রতিবেদন প্রস্তুতকরণ ও সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন।

২। জিআরএস বিকল্প ফোকাল্ট পয়েন্ট এর কার্যপরিধি নিম্নরূপ করা যেতে পারেঃ

(ক) অনিক/জিআরএস ফোকাল্ট পয়েন্ট এর অনুপস্থিতিকালীন বা তাঁর নির্দেশক্রমে জিআরএস বিকল্প ফোকাল্ট পয়েন্ট অনিক-এর অর্পিত দায়িত্ব পালন করবেন;
(খ) অনিক হিসেবে দায়িত্ব পালনকালীন অনুচ্ছেদ ২ এ বর্ণিত অনিক-এর দায়িত্ব ও কার্যপরিধি তাঁর জন্য প্রযোজ্য হবে; এবং
(গ) প্রধান কার্যালয়ের 'অনিক' এর সঙ্গে পরামর্শক্রমে প্রধান কার্যালয়ের 'জিআরএস ফোকাল পয়েন্ট''অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা' বাস্তবায়ন করবেন।

৩। 'অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত ২০১৮)' এর ৫.২.২ এর আলোকে আপিল কর্মকর্তার কার্যপরিধি নিম্নরূপ করা যেতে পারেঃ

(ক) অভিযোগকারী, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অথবা অভিযুক্ত কর্মকর্তা/কর্মচারীর আবেদনের ভিত্তিতে আপিল গ্রহণ ও নিষ্পত্তি;
(খ) আওতাধীন দপ্তরের অনিক-এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ সম্পর্কে কার্যক্রম গ্রহণ;
(গ) নির্ধারিত সময়ের মধ্যে আওতাধীন দপ্তরের অনিক অভিযোগ প্রতিকার না করলে স্বত: প্রণোদিত হয়ে নির্দেশনা প্রদান ও নির্দেশনা প্রতিপালিত না হলে পদক্ষেপ গ্রহণ;
(ঘ) আওতাধীন দপ্তরসমূহের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা পরিদর্শন এবং নির্দেশনা প্রদান; এবং
(ঙ) আপিল কর্মকর্তা কর্তৃক অভিযোগ প্রতিকারে ব্যর্থ হলে তা দপ্তর প্রধানকে অবহিতকরণ এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

৪। প্রধান কার্যালয়ের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষ, কোন দপ্তর এবং উর্ধ্বতন অফিস বা এ ব্যাংকের কোন বিভাগ ও কমিটির চাহিদার আলোকে 'অভিযোগ প্রতিকার ব্যবস্থা' সংক্রান্ত তথ্যাদি প্রেরণসহ সকল ক্ষেত্রে এ বিষয়ে সাচিবিক দায়িত্ব পালনে জনাব মোঃ কুতুব উদ্দিন, সহকারী প্রকৌশলী (সিভিল), মানব সম্পদ ও কল্যাণ বিভাগ, প্রধান কার্যালয়-কে দায়িত্ব দেয়া যেতে পারে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

05.02.2020

(মোহাঃ মাহবুবুল ইউনুস)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও হিসাব)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
১. বিভাগীয় প্রধান (সকল), প্রবাসী কল্যান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
২. সেল প্রধান (সকল), প্রবাসী কল্যান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৩. শাখা ব্যবস্থাপক (সকল), প্রবাসী কল্যান ব্যাংক (এ আদেশ এবং অভিযোগ দাখিল ফরম ও আপীল ফরম শাখার নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের নির্দেশ সহকারে);
৪. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যান ব্যাংক, প্রধান কার্যালয়;
৫. উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যান ব্যাংক, প্রধান কার্যালয়;
৬. মহাব্যবস্থাপক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যান ব্যাংক, প্রধান কার্যালয় কার্যালয়;
৭. যুগ্মসচিব, অভিযোগ নিষ্পত্তি ও জিআরএস অধিশাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা;
৮. উপসচিব, অভিযোগ নিষ্পত্তি ও জিআরএস অধিশাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা;
৯. সিস্টেম এনালিস্ট/সহকারী প্রোগ্রামার, আইটি সিস্টেমস ও সাইবার সিকিউরিটি বিভাগ, প্রবাসী কল্যান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ); এবং
১০. অফিস কপি।